



# মাসিক দুর্দক দর্পণ

৭ম বর্ষ • ১৫তম সংখ্যা • অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ • কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ

www.acc.org.bd

## এ সংখ্যায় যা রয়েছে

- সভা/সেমিনার

- ফাঁদ মামলা

- গ্রেফতার

- বিচারিক আদালতে সাজা

- দায়েরকৃত উল্লেখযোগ্য মামলা

- দায়েরকৃত উল্লেখযোগ্য

মামলার চার্জশিট

যোগাযোগ

নির্বাহী সম্পাদক

দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়

১ সেগুন বাগিচা, ঢাকা।

ফোন: ৯৩৫৩০০৪-৮

ই-মেইল : info@acc.org.bd

ওয়েব সাইট : http://www.acc.org.bd

## সম্পাদকীয়

“২৮ সেপ্টেম্বর দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ে কমিশনের পাঁচ বছর মেয়াদি (২০১৭-২০২১) কর্ম-পরিকল্পনার চলমান কার্যক্রমের বিষয়ে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় নির্বাহীদের সঙ্গে এক মতবিনিময় সভায় দুর্দক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, কমিশনের কিছু সাফল্য আছে, ব্যর্থতা আছে, আবার কিছু অপরিপূর্ণতাও রয়েছে। তিনি বলেন, গণমাধ্যম শুধু কমিশনের সংবাদ জনগণের নিকট পৌঁছে দেয় না, অভিযোগেরও বড় উৎস গণমাধ্যম। তাই গণমাধ্যম হচ্ছে কমিশনের কার্যক্রমের অংশীদার। তিনি বলেন, কমিশনের অভিযোগ কেন্দ্রের হটলাইন-১০৬-এ আজ পর্যন্ত ২,০৯,০০০ কল এসেছে। আমার মনে হচ্ছে মানুষের নানাবিধ অভিযোগ জানানোর প্লাটফর্মে পরিণত হয়েছে-১০৬। কিন্তু অধিকাংশ অভিযোগই কমিশন আইনের তফসিল বহির্ভূত। আসলে দেশের সাধারণ মানুষ দুর্নীতি দমন কমিশনের তফসিল সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল নয়। তিনি গণমাধ্যম প্রতিনিধিগণকে কমিশন কর্তৃক নির্মিত বিশ্ব নন্দিত ক্রিকেট তারকা সাকিব আল হাসান অভিনীত বিজ্ঞাপন চিত্রটি বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচারের আহ্বান জানান, পাশাপাশি কমিশন কর্তৃক প্রণীত বিভিন্ন পোস্টার, স্টিকার ও লিফলেট প্রিন্ট মিডিয়ায় প্রচারের অনুরোধ জানান।

মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দুর্দক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ, এ এফ এম আমিনুল ইসলাম, সচিব ড. মোঃ শামসুল আরেফিন, ৭১ টিভি চ্যানেলের ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু, একুশে টিভির প্রধান নির্বাহী মঞ্জুরুল আহসান বুলবুল, যুগান্তরের ভারপ্রাপ্ত সম্পাদক সাইফুল আলম, বাংলাদেশ প্রতিদিনের সম্পাদক নঈম নিজাম প্রমুখ।

দুর্দক দর্পণের সম্পাদনা কমিটি মনে করে কমিশনের অভিযোগ কেন্দ্রের হট লাইন-১০৬ এর মাধ্যমে কমিশনের তফসিলভুক্ত অপরাধ যেমন সরকারি কর্তব্য পালনের সময় সরকারি কর্মকর্তা-কর্মচারী বা সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত যে কোনো ব্যক্তি কর্তৃক ঘুষ বা উপটোকন গ্রহণ, অবৈধভাবে স্ব-নামে বা বে-নামে অবৈধ সম্পদ অর্জন, সরকারি অর্থ/সম্পত্তি আত্মসাৎ, সরকারি কর্মকর্তা বা ব্যাংক কর্মকর্তা কর্তৃক জাল-জালিয়াতি এবং প্রতারণা ইত্যাদি বিষয়ে অভিযোগ জানালে দেশের দুর্নীতি প্রতিরোধে সহায়ক হবে।”

## সভা/সেমিনার

দুর্নীতি দমন কমিশনের পাঁচ বছর (২০১৭-২০২১) মেয়াদি কর্মপরিকল্পনার চলমান কার্যক্রমের ওপর মতবিনিময় সভা।



দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়ে, রাঙ্গামাটির নিজস্ব ভবন উদ্বোধন করেন দুর্দক চেয়ারম্যান ইকবাল মাহমুদ।



## ফাঁদ

সেপ্টেম্বর, ২০১৭ মাসে কমিশন ফাঁদ পেতে ০৪ (চার) জন আসামিকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত কতিপয় আসামির বিবরণ:

গ্রেফতারকৃত কতিপয় আসামির নাম	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ সুলতান হোসেন তালুকদার, অফিস সহায়ক, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, অধিশাখা-১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	জনৈক ব্যক্তিকে চাকরি দেওয়ার নামে ৫০,০০০/- হাজার টাকা ঘুষ গ্রহণকালে মোঃ সুলতান হোসেন তালুকদার-কে দুর্নীতি দমন কমিশনের বিশেষ টিমের সদস্যরা হাতে-নাতে গ্রেফতার করে।
সুমন কুমার সাহা, সিল মেকানিক, বিআরটিএ, নরসিংদী।	জনৈক ইয়াছিন আরাফাত এর নিকট থেকে ড্রাইভিং লাইসেন্স করে দেওয়ার নামে ১০,০০০/- হাজার টাকা ঘুষ গ্রহণকালে বিআরটিএ, নরসিংদী কার্যালয়ের সিল মেকানিক সুমন কুমার সাহা-কে হাতে-নাতে গ্রেফতার করে দুর্দক বিশেষ টিমের সদস্যরা।
মোঃ আব্দুল হালিম, সার্ভেয়ার, রূপগঞ্জ উপজেলা ভূমি অফিস, উপজেলা-রূপগঞ্জ, জেলা-নারায়নগঞ্জ।	সহকারী কমিশনার (ভূমি), রূপগঞ্জ, নারায়নগঞ্জ কার্যালয়ের বিবিধ মোকদ্দমা নং ২৪২/২০১৬ এর মালিকানা সংক্রান্ত সরেজমিন তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য কর্তৃপক্ষের নিকট থেকে নির্দেশপ্রাপ্ত হয়ে বিবাদী মোঃ সাইফুল ইসলাম সুমন-এর নিকট থেকে অবৈধভাবে ৬০,০০০/- টাকা নগদ ঘুষ গ্রহণকালে দুর্নীতি দমন কমিশনের বিশেষ টিমের সদস্যরা আসামি মোঃ আব্দুল হালিম-কে হাতে-নাতে গ্রেফতার করে।

দুর্নীতি দমন কমিশন  
বাংলাদেশ

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যে কোনো ফোন থেকে দুর্দকের অভিযোগ কেন্দ্রের হটলাইন ১০৬ নম্বরে ফ্রি কল করুন (সকাল ০৯ টা থেকে বিকাল ৫ টা)।